

💵 সাওম বিষয়ক আধুনিক কিছু মাসআলা

বিভাগ/অধ্যায়ঃ সাওম পালনকারীর জন্য নিকোটিন গাম বা নিকোটিন প্যাচ (Nicotine Patch) ব্যবহারের বিধান রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

সাওম পালনকারীর জন্য নিকোটিন গাম বা নিকোটিন প্যাচ (Nicotine Patch) ব্যবহারের বিধান

বিবরণ: এক প্রকার প্যাচ, গাম বা প্লাস্টার আছে, যা শরীরের প্রয়োজন অনুযায়ী স্বয়ংক্রিয়ভাবে নিকোটিন ছাড়ে। চামড়ার অভ্যন্তরে রয়েছে রক্ত নালী (Blood vessel)। ফলে চামড়ার উপরে যা রাখা হয়, তা কৈশিক নালীর (Capillary vessel) মাধ্যমে শোষিত হয়ে রক্তে গিয়ে মিশে। তবে এর শোষণ ক্ষমতা খুবই ধীর গতি সম্পন্ন। এভাবে তা ধূমপায়ীকে ধূমপান ত্যাগে সাহায্য করে। এক্ষণে, সাওমে এর কি কোনো প্রভাব রয়েছে?

হুকুম: সুরমা এবং যেসব ঔষধ মুখ-নাক ছাড়া অন্যভাবে গ্রহণ করা হয়, সেসব সম্পর্কে শাইখুল ইসলাম ইবন তায়মিয়্যাহ রহ-এর এক বিস্তারিত আলোচনার ওপর ভিত্তি করে বলা যায়, নিকোটিন প্যাচ সাওম ভঙ্গ করবে না, তবে বর্তমান যুগের ওলামায়ে কেরাম এ বিষয়ে দ্বিমত পোষণ করেছেন।

প্রথম মত: এই প্যাচ বা গাম সাওম ভঙ্গ করবে না। 'আন্তর্জাতিক ফিকহ একাডেমী' এই বক্তব্য সমর্থন করেছে।দ্বিতীয় মত: নিকোটিন প্যাচ সাওম নষ্ট করে দিবে। সউদী আরবের 'আল-লাজনাহ আদ-দায়েমাহ লিল-বুহুছ আল-ইলমিইয়া ওয়াল-ইফতা' এই পক্ষ সমর্থন করেছে। 'আল-লাজনাহ আদ-দায়েমাহ'-এর ওলামায়ে কেরাম প্রশ্নকারীর প্রশ্নের জবাবে বলেন, 'আমরা আল্লাহর কাছে প্রার্থনা করি, তিনি আপনাকে ধূমপান থেকে তওবা করার তাওফীক্ব দিন এবং আপনাকে তা পরিত্যাগ করতে সাহায্য করুন। কেননা সিগারেটে রয়েছে নিছক ক্ষতি; কোনো প্রকার কল্যাণ এতে নেই। ধূমপান পরিত্যাগে সহায়ক হিসাবে সাওম অবস্থায় যে প্যাচ, গাম বা প্লাস্টার ব্যবহারের কথা আপনি জিজ্ঞেস করেছেন, সে সম্পর্কে আমরা বলবো, আপনার জন্য এটির ব্যবহার জায়েয নয়। কেননা এ বিষয়ে বিশেষজ্ঞ ডাক্তারগণকে জিজ্ঞেস করে জানা গেছে, এই নিকোটিন প্যাচ দেহে নিকোটিন সরবরাহ করে এবং তা রক্ত পর্যন্ত পৌছে। সুতরাং সিগারেট যেমন সাওম নষ্ট করে দেয়, এই প্লাস্টারও তেমনি সাওম নষ্ট করে দিবে। ফলাফল একই। আপনাকে এই পদ্ধতি ছেড়ে ধূমপান ত্যাগের ওপর দৃঢ় সংকল্প করতে হবে। মনে রাখতে হবে, কত ধূমপায়ী আল্লাহর কাছে তওবা করেছে এবং এই পদ্ধতির ব্যবহার ছাড়াই ধূমপান বর্জন করতে সক্ষম হয়েছে। আর যে ব্যক্তি আল্লাহর জন্য কোনো কিছু বর্জন করে, আল্লাহ তাকে তার চেয়েও উত্তম বদলা দান করেন। আল্লাহই তাওফীকদাতা!'[1]

ফুটনোট

[1] আল-লাজনাহ আদ-দায়েমাহ লিল-বুহুছ আল-ইলমিইয়া ওয়াল-ইফতা, ফাতওয়া নং ২১৭৩৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9818



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন